সংবাদ

তারিখ 21 DEC 2015
পৃষ্ঠা ১২ কলাম ৪

# বিপিও সামিটে চাকরি পেল ২৩৫ শিক্ষার্থী

গত ৯-১০ ডিসেম্বর দেশে প্রথমবারের মতো অনুষ্ঠিত হয়েছে বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) সম্মেলন। 'বিপিও সামিট ২০১৫' শীর্ষক এ সম্মেলনে বিভিন্ন বিপিও প্রতিষ্ঠানে চাকরি পেয়েছে ২৩৫ শিক্ষার্থী। সম্মেলন চলাকালীন সময়ে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্য) এর সদস্য ছয়টি কোম্পানিতে এসব শিক্ষার্থীদের চাকরির নিয়োগপত্র দেয়া হয়। বাক্য এবং সরকারের আইসিটি বিভাগ আয়োজিত এই সম্মেলন উপলক্ষে ন্যূনতম ২০০ শিক্ষার্থীর চাকরির ব্যবস্থা করার ঘোষণা দেয়া হয়েছিল। দুই দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।

বাক্য সাধারণ সম্পাদক তৌহিদ হোসেন এ বিষয়ে বলেন, সম্মেলন উপলক্ষে দেশের ১৫টি বিশ্ববিদ্যালয়ে অ্যাক্টিভেশন প্রোগ্রামের মাধ্যমে সাত হাজারেরও বেশি সিভি নেয়া হয়। সেখান থেকে বাছাই করে বিপিও সম্মেলনে সরাসরি ইন্টারভিউ নেয়া হয় এবং অনস্পট শিক্ষার্থীদের চাকরির নিয়োগপত্র দেয়া হয়। তিনি জানান, এটি একটি চলমান প্রক্রিয়া, জমাকৃত সিভি থেকে বাছাই করে ইন্টারভিউয়ের মাধ্যমে আমরা আরও শিক্ষার্থীর কর্মসংস্থানের ব্যবস্থা করবো। তাছাড়া নতুন করেও শিক্ষার্থীরা তাদের সিভি অনলাইনে জমা দিতে পারবে।

বিপিও সম্মেলনে ইন্টারভিউ দিয়ে কল সেন্টারের খণ্ডকালীন চাকরি পাওয়া উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার্থী জান্নাতুল ফেরদাউস জানান, পড়াশোনার পাশাপাশি এই চাকরি আমার ভবিষ্যত ক্যারিয়ারের জন্য অভিজ্ঞতা যোগ করবে। আইইউবির শিক্ষার্থী তৃষা আহমেদ বলেন, সপ্তাহে প্রতিদিনই ক্লাস থাকে না। এই দিনগুলোতে কাজ করব।

ছয়টি প্রতিষ্ঠানের মধ্যে ইস্পেল সার্ভিস অ্যান্ড সলিউশন লিমিটেড (আইএসএসএল) নিয়োগ দিয়েছে ২০ জন শিক্ষার্থী, সার্ভিস সলিউসন্স লিমিটেড ৫০ জন, মাই আউটসোর্সিং লিমিটেড ২০ জন, ফিফো টেক ২০ জন, ভার্গো কন্টাক্ট সেন্টার সার্ভিস লিমিটেড ৪০ জন, জেনেক্স ইনফোসিসি লিমিটেড ৫০ জন এবং ডিজিকন ৩৫ জন শিক্ষার্থী নিয়োগ দিয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।